



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২৭/১২/২০১৯খ্রিঃ

## শুরু হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা প্রথম দিনে 'খ' ও 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন

সুষ্ঠু, সুশৃঙ্খল ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়েছে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের 'খ' ও 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা। ২৭ ডিসেম্বর সকাল ১০ টায় 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর সরকারি বরিশাল মডেল স্কুল এন্ড কলেজ, আলেকান্দা সরকারি কলেজ, অমৃত লাল দে মহাবিদ্যালয়, বরিশাল সরকারি মহিলা কলেজ কেন্দ্রে ও 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা বিকাল ৩ টায় বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ নগরীর শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৫২.৫৬% এবং 'গ' ইউনিটে ভর্তি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশগ্রহণের হার ৪৯.৭২%। পরীক্ষা চলাকালীন সময়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. ছাদেকুল আরেফিন বিভিন্ন কেন্দ্র পরিদর্শন করেন। এসময় উপাচার্য মহোদয়ের সাথে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য, শিক্ষকমণ্ডলী, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য এবং অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শন শেষে উপাচার্য মহোদয় সাংবাদিকদের সাথে ব্রিফিংকালে ভর্তি পরীক্ষার সার্বিক ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ করেন এবং ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সমগ্র বরিশালবাসীসহ এতদসঙ্গে সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ভর্তি পরীক্ষা নির্বিঘ্ন ভাবে সম্পন্ন করার লক্ষ্যে দুইজন নির্বাহী ম্যাজিস্ট্রেট এর নেতৃত্বে ভ্রাম্যমান টিম দায়িত্বরত ছিলেন। এছাড়া ডিজিটাল ডিভাইস এর অপব্যবহার রোধে কেন্দ্রসমূহে ইলেকট্রনিক জ্যামার স্থাপন করা হয়। চলতি বছর বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের অধীন ২৪টি বিভাগে ১৪৪০ টি আসনের বিপরীতে আবেদনকারী ছিলেন মোট ৪৯,৯৫৬ জন। 'খ' ইউনিটে ৫৬০ টি আসনের বিপরীতে ১০,১০৬ জন এবং 'গ' ইউনিটে ৩০০ টি আসনের বিপরীতে ৬,০১২ জন শিক্ষার্থী আবেদন করেছিলেন। ২৮ ডিসেম্বর শনিবার সকাল ১১ টা থেকে দুপুর ১২.৩০ টা পর্যন্ত বরিশাল বিশ্ববিদ্যালয় কেন্দ্রসহ বরিশাল নগরীর ১২টি কেন্দ্রে "ক" ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস